

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪১৪১

৩১/ পার্থিব ভোগবিলাসের প্রতি অনাসক্তি (کتاب الزهد) পরিচ্ছেদঃ ৩১/৯. অল্লে তষ্টি

بَابِ الْقَنَاعَةِ

আরবী

حَدَّثَنَا سُوَيْدُ بْنُ سَعِيدٍ، وَمُجَاهِدُ بْنُ مُوسَى، قَالاَ حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي شُمَيْلَةَ، عَنْ سَلَمَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ بْنِ مِحْصَنِ الأَنْصَارِيِّ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " مَنْ أَصْبَحَ مِنْكُمْ مُعَافًى فِي جَسَدِهِ آمِنًا فِي سِرْبِهِ عِنْدَهُ قُوتُ يَوْمِهِ فَكَأَنَّمَا حِيزَتْ لَهُ الدُّنْيَا ".

বাংলা

৫/৪১৪১। সালামা ইবনে উবায়দুল্লাহ ইবনে মিহসান আল-আনসারী (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যে যে ব্যক্তি সুস্থদেহে দিনাতিপাত করে, পরিবার-পরিজনসহ নিরাপদে সকালে উপনীত হয় এবং তার নিকট যদি সারা দিনের খোরাকী থাকে, তাহলে তার জন্য যেন গোটা দুনিয়াই একত্র করা হলো।

English

It was narrated from Salamah bin 'Ubaidullah bin Mihsan Al-Ansari that his father said:

"The Messenger of Allah (ﷺ) said: 'Whoever among you wakes up physically healthy, feeling safe and secure within himself, with food for the day, it is as if he acquired the whole world.'"

ফুটনোট

তিরমিয়ী ২৩৪৬, সহীহাহ ২৩১৮, আত-তালীকুর রাগীব ২/১২। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী সালামাহ বিন উবায়দুল্লাহ বিন মিহসান আল-আনসারী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি হাদিস বর্ণনায় অপরিচিত, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইমাম তিরমিয়ি তার হাদিসকে হাসান বলেছেন।



আহমাদ বিন হাম্বল বলেন, তার পরিচয় সম্পর্কে আমার জানা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৪৫৯, ১১/২৯৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন